**প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা**
**প্রত্নতত্ত্ব অধিদপ্তর**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

# প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: **ময়মনসিংহ**

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: **১১টি (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)**

প্রত্নতত্ত্ব অধিদপ্তর, প্রত্নতত্ত্ব ভবন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
director_general@archaeology.gov.bd | www.archaeology.gov.bd

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | শশী লজ |  | ময়মনসিংহ সদর | - | বাংলাদেশ গেজেট<br>০৮ ফেব্রুয়ারি, ১৯৯০ | ময়মনসিংহ সদরে শশীলজের অবস্থান।এটি ১৯০৫ থেকে ১৯১১ সালের মধ্যে জমিদার শশী কান্ত আচার্য চৌধুরি এটি নির্মাণ করেন। পরবর্তীতে তার নাম অনুসারে এর নামকরন করা হয়। এর দক্ষিন দিক দিয়ে ব্রহ্মপুত্র প্রবাহিত। এর পশ্চিম ও পূর্বাংশ ইংরেজি বর্ণমালা ট এর মত দেখতে। শশীলজ ৯ একর ভূমির উপর প্রতিষ্ঠিত। ভবনের সামনে অর্ধবৃত্তাকার খিলানযুক্ত প্রবেশ পথ রয়েছে যার উভয় দিক ডোরিক কলামযুক্ত। প্রাসাদের সামনে মার্বেল পাথরের তৈরী অর্ধনগ্ন ১টি নারী ভাস্কর্য এবং প্রাসাদের ভিতরে মার্বেল পাথরের তৈরী ঝর্ণা রয়েছে। কেন্দ্রীয় কক্ষের দরজার সাথে সংযুক্ত কাঁচের ফলক রয়েছে। |
| ২. | আলেকজান্ডার ক্যাসল |  | ময়মনসিংহ সদর | ২৪°৪৫'৫৬.৭" উ.<br>৯০°২৪'০৭.৩" পূ. | বাংলাদেশ গেজেট<br>০৮ মার্চ ২০১৮ | উত্তরমুখী স্থাপনাটির উচ্চতা ভূমি থেকে ৯ মিটার। ৯৫ সেন্টিমিটার প্লাটফর্মের উপরে দন্ডায়মান স্থাপনাটির চারপাশে বারান্দা রয়েছে। আলেকজান্ডার ক্যাসলটির দোতলা এবং নিচতলা মিলিয়ে ছোট বড় মোট ১০টি কক্ষ রয়েছে। |
| ৩. | ময়মনসিংহ জাদুঘর |  | ময়মনসিংহ সদর | ২৪°৪৫'৩৮.৯" উ.<br>৯০°২৪'১৯.৯" পূ. | বাংলাদেশ গেজেট<br>০৪ মে ১৯৯৫ | ময়মনসিংহ সদর জেলায় ১৭ নং অমৃতবাবু রোডে এবং শশীলজ থেকে ২৫০মিটার পূর্বে ময়মনসিংহ জাদুঘর অবস্থিত। বর্তমানে জাদুঘরটি শশীলজে স্থানান্তর করা হয়েছে। |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪. | **ভূঁইয়া বাড়ী জামে মসজিদ** |  | মুক্তাগাছা গ্রাম: হরিপুর দেওলী | ২৪°১৫'৩৩.৭" উ. ৯০°১২'৩৬.৫" পূ. | বাংলাদেশ গেজেট ২৯ আগস্ট ২০১৯ | তৎকালীন ব্রিটিশ বিরোধী ফকির বিদ্রোহের সময় এ মসজিদটি স্থাপন করা হতে পারে। মসজিদের গায়ে খোদাই করে লেখা রয়েছে ১১৩৫ বঙ্গাব্দে সর্বশেষ মসজিদটি সংস্কার করা হয়। আধুনিক সংস্কার ও নির্মাণের জন্য তিনগম্বুজ বিশিষ্ট প্রাচীন এ মসজিদটি ক্ষতিগ্রস্ত হয়েছে। |
| ৫. | **আট-আনী জমিদার বাড়ী** (মুক্তাগাছা জমিদার বাড়ী) |  | মুক্তাগাছা | ২৪°৪৬'০৯.৭" উ. ৯০°১৫'১৯.২" পূ. | বাংলাদেশ গেজেট ০৮ জুলাই ১৯৯৩ | আট-আনী জমিদার বাড়ী হল মুক্তাগাছা জমিদার বাড়ীর জগত কিশোর ও তার ছেলে রাম কিশোর আচার্য চৌধুরীর অংশ। মুক্তগাছা জমিদার বাড়ীটি কয়েকটি ব্লকে বিভক্ত। দক্ষিণ ব্লকে রয়েছে পূর্বমুখী পাশাপাশি সংযুক্ত ২টি ভবন। মাঝখানে রয়েছে অর্ধবৃত্তাকার খিলানযুক্ত প্রবেশপথ। এ ব্লকটি বর্তমানে শহীদ স্মৃতি কলেজ হিসেবে ব্যবহৃত হচ্ছে। উত্তরের ব্লকে রয়েছে ৫০ ফুট দীর্ঘ প্রবেশ পথ। প্রবেশ পথের দু'পাশে রয়েছে সংযুক্ত ২টি ভবন। আট-আনী জমিদার বাড়ীতে ৯/১০ টি ভবন রয়েছে। |
| ৬. | **হররামেশ্বর মন্দির** (রাজেশ্বরী মন্দির) |  | মুক্তাগাছা | ২৪°৪৬'১০.৫" উ. ৯০°১৫'১৯.৩" পূ. | বাংলাদেশ গেজেট ০৮ জুলাই ১৯৯৩ | মুক্তগাছা কলেজ রোডস্থ আট-আনী জমিদার বাড়ী থেকে ৬ মিটার পূর্বে অর্থাৎ জমিদার বাড়ীর কেন্দ্রীয় প্রবেশ পথের বাহিরে পূর্বের ব্লকে হররামেশ্বর মন্দির অবস্থিত। 'হররামেশ্বর মন্দির' আট-আনী জমিদার বাড়ির সমসাময়িক কালে নির্মিত। মন্দিরের ভিতরের আয়তন ৬.৭ বর্গমিটার। মন্দিরের দেয়ালের প্রশস্ততা প্রায় ২ মিটার। |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৭. | পাথরের শিব মন্দির |  | মুক্তাগাছা | ২৪°৪৬'১১.৪" উ.<br>৯০°১৫'১৯.৮" পূ. | বাংলাদেশ গেজেট<br>০৮ জুলাই ১৯৯৩ | পাথরের শিব মন্দিরটি আট-আনী জমিদার বাড়ীর সমসাময়িক কালে নির্মিত। মন্দির প্লাটফরমের আয়তন ৬.৫ বর্গমিটার। দক্ষিণমুখী মন্দিরটি এক কক্ষ ও এক বারান্দা বিশিষ্ট। মন্দিরটি এক শিখর (রত্ন) বিশিষ্ট। মন্দিরটি আনুমানিক ৮ মিটার উঁচু। মন্দিরটির ভূমি পরিকল্পনা বর্গাকার। এ ধরনের অনুরূপ পাথরের তৈরী মন্দির ভাওয়াল রাজবাড়িতে ও মুড়া পাড়া প্রাসাদের নিকটে রয়েছে। |
| ৮. | জোড়া মন্দির |  | মুক্তাগাছা | ২৪°৪৬'০২.৮" উ.<br>৯০°১৫'২০.৭" পূ. | বাংলাদেশ গেজেট<br>০৮ জুলাই ১৯৯৩ | খ্রিস্টীয় ১৯ শতকে অর্থাৎ মুক্তাগাছা আট-আনী জমিদার বাড়ির সমসাময়িক কালে জোড়া মন্দির নির্মিত। একই প্লাটফরমের উপরের পাশাপাশি ২টি মন্দির। একই আদলে নির্মিত মন্দির ২টি বর্গাকার পরিকল্পনায় নির্মিত। মন্দিরের ছাদের উপরে অষ্টভূজাকার ১টি করে শিখর (রত্ন) রয়েছে। মন্দিরের সামনে প্রশস্ত বারান্দা রয়েছে। বারান্দা দিয়ে প্রবেশের জন্য প্রতিটি মন্দিরে ৩টি অর্ধবৃত্তাকার খিলান দরজা রয়েছে। |
| ৯. | তিন শিব মন্দির |  | মুক্তাগাছা | ২৪°৪৬'০৫.৯" উ.<br>৯০°১৫'১৯.৭" পূ. | বাংলাদেশ গেজেট<br>৮ জুলাই ১৯৯৩ | তিন শিব মন্দির আট-আনী জমিদার বাড়ি থেকে ৩০০ মিটার দক্ষিণে অবস্থিত। ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার কলেজ রোডস্থ জমিদার বাড়ী এলাকায় এ মন্দিরটি রয়েছে। এর অপর নাম ত্রি-শিবালয়। এটি একতলাবিশিষ্ট স্থাপনা। মন্দিরের ছাদের উপরে অষ্টভূজাকার ১টি করে শিখর (রত্ন) রয়েছে। এ মন্দিরে হিন্দু ধর্মীয় লোকজন পূজা অর্চনা করে থাকে। |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১০. | **শশী কান্তের প্রাসাদ** |  | মুক্তাগাছা | ২৪°৪৬'০৯.৭" উ.<br>৯০°১৫'১৮.৩" পূ. | বাংলাদেশ গেজেট<br>০৮ জুলাই ১৯৯৩ | মুক্তগাছা রাজবাড়ী জগত কিশোর ও তার ছেলে রাম কিশোর আচার্য চৌধুরীর আট আনা জমিদার অংশ। মুক্তগাছা রাজবাড়ীটি কয়েকটি ব্লকে বিভক্ত। দক্ষিণ ব্লকে রয়েছে পূর্ব মুখী পাশাপাশি সংযুক্ত ২টি ভবন। মাঝখানে রয়েছে অর্ধবৃত্তাকার খিলানযুক্ত প্রবেশপথ। উত্তরের ব্লকে রয়েছে ৫০ ফুট দীর্ঘ প্রবেশ পথ। প্রবেশ পথের দু'পাশে রয়েছে সংযুক্ত ২টি ভবন। ভবনের সামনে রয়েছে টানা বারান্দা ও খোলা আঙ্গিনা। এ ব্লকটি বর্তমানে শহীদ স্মৃতি কলেজ হিসাবে ব্যবহৃত হচ্ছে। |
| ১১. | **এন. এন. পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়** |  | মুক্তাগাছা | ২৪°৪৫'৫৮.৭" উ.<br>৯০°১৫'১৬.৫" পূ. | বাংলাদেশ গেজেট<br>২৮ নভেম্বর ২০১৯ | জমিদারদের প্রতিষ্ঠাতা শ্রীকৃষ্ণ আচার্য চৌধুরীর বড় পুত্র রামরাম আচার্য চৌধুরীর তিন ছেলে ছিলেন। বড় ছেলে রুদ্ররামের বড়হিস্যা, মেজো ছেলে বিজয় রামের মধ্যহিস্যা আর ছোট ছেলে কৃষ্ণচন্দ্রের ছোট হিস্যা। ১৯০৭ সালে এ বড় হিস্যার বাড়িতে নগেন্দ্র নারায়ণ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় (এনএন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়) প্রতিষ্ঠিত হয়। |